

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ টেলিভিশন  
সদর দপ্তর, লাইসেন্স শাখা  
রামপুরা, ঢাকা-১২১৯।  
[www.btv.gov.bd](http://www.btv.gov.bd)

নং-১৫.৫৪.০০০০.০৩০.০৬.০০১.২১- ০৫

তারিখ: ৩৫ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ।  
১৫ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিষ্টাব্দ।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশ গ্রহণে  
মত বিনিময় সভার কার্যবিবরণী:

তারিখ	:	১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ
সময়	:	দুপুর ১২:০০ ঘটিকা
স্থান	:	সভাকক্ষ, বিটিভি, সদর দপ্তর
সভাপতি	:	এস. এম. হাবুন অর রশীদ, মহাপরিচালক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে উপস্থিত সকলে তাঁদের স্ব স্ব পরিচয় প্রদান করেন। এরপর কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার লাইসেন্স সভার এজেন্ডা উপস্থাপন করেন। সভাপতি তাঁর দায়িত্ব পালনকালে কেবল অপারেটর/ফিড অপারেটরগণ আইন ও বিধি মোতাবেক শান্তি শৃঙ্খলা বজায় রেখে কেবল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনা করায় সকলকে ধন্যবাদ জানান।

সভায় কেবল টেলিভিশন নেটওয়ার্ক লাইসেন্সের আবেদন অন লাইনে গ্রহণ, টেলিভিশন বিক্রেতা কোম্পানীর একটি লাইসেন্স ইস্যু করা যায় কিনা এ বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ইন্টারনেট ব্যবসায়ীরা বর্তমানে ইন্টারনেটের সাথে কেবল নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনা করছে মর্মে সভায় আগত সকল অপারেটর সভাকে অবহিত করেন।

বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


০১. কেবল অপারেটর, ফিড অপারেটর ও বাণিজ্যিক লাইসেন্সের আবেদন অন লাইনে গ্রহণ করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
০২. ইন্টারনেটের লাইনের সাথে কেবল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রমে টেলিভিশন চ্যানেল সম্প্রচার বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে বিটিআরসি বরাবর পত্র প্রেরণ করতে হবে।
০৩. বাণিজ্যিক টেলিভিশন লাইসেন্স হিসেবে একটি টেলিভিশন কোম্পানীর একাধিক/তোষিক শোরুমের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের পরিবর্তে একটি লাইসেন্সের মাধ্যমে সকল শোরুম এবং একটি হোটেলের একটি লাইসেন্সেই সকল টেলিভিশন আওতাভুক্ত করার বিষয়ে বিধি সম্মত পদ্ধতি উদ্ভাবন করতে হবে।
০৪. মেয়াদোত্তীর্ণ কেবল টেলিভিশন নেটওয়ার্ক লাইসেন্স নির্ধারিত ফি'র সাথে সারচার্জ পরিশোধপূর্বক লাইসেন্স নবায়ন অব্যাহত রাখতে হবে।



অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৫. ডিসট্রিবিউটর কোম্পানীদ্বয় বিটিভির লাইসেন্সপ্রাপ্ত কেবল অপারেটরদের সমভাবে সেবা প্রদান করতে পারছে কিনা তা ডিসট্রিবিউটরদ্বয়কেই নিশ্চিত করতে হবে।
০৬. লাইসেন্স সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সহজলভ্য করার জন্য হালনাগাদ সকল তথ্যাদি বিটিভির ওয়েব সাইটে নিয়মিতভাবে প্রকাশ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

  
(এস. এম. হারুন অর রশীদ)  
মহাপরিচালক

বিতরণ:

উপস্থিত সদস্যবৃন্দ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০২। পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৩। জনাব মো: মনিরুল ইসলাম, সিনিয়র ইঞ্জিনিয়ার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্য-বিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। কার্যালয় নথি।

১৪৫২৫৫৫৫  
১৮/০২/২০  
হুমায়ুন

সিস্টেম এনালিস্ট-এর কার্যালয়	
প্রোগ্রামার-১	<input checked="" type="checkbox"/> প্রোগ্রামার-১
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> প্রোগ্রামার-২
পিএ	<input type="checkbox"/> পিএ
	<input type="checkbox"/> ডিপ্লোম্যা
	<input type="checkbox"/> ডিপ্লোম্যা

১৮/০২/২০  
সিস্টেম এনালিস্ট